প্রথম আলো

তারিখ ..10. NOV. 2015...
পৃষ্ঠা ...৯... কলাম...৩.....

# শিক্ষামন্ত্রীকে সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক ●

ইউনেসকোর সহসভাপতি নির্বাচিত হওয়ায় ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট দ্বিতীয় শ্রেণির প্রতিষ্ঠানের স্বীকৃতি পাওয়ায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে অভিনন্দন জানিয়েছে তাঁর মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে তাঁকে এই সংবর্ধনা দেওয়া হয়। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ এখন বিভিন্ন ক্ষেত্রে দেশের সীমানার বাইরেও স্থান করে নিচ্ছে, এটাই তার প্রমাণ।

গত শনিবার জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি-বিষয়ক সংস্থা ইউনেসকোর সদর দপ্তরে সংস্থাটির ৩৮তম সাধারণ অধিবেশনে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট দ্বিতীয় শ্রেণির (ক্যাটাগরি) ইনস্টিটিউটের স্বীকৃতি পায়। একই অধিবেশনে শিক্ষামন্ত্রী সংস্থাটির সহসভাপতি নির্বাচিত হন।